



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০৭.১৭.১৬৫

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ।
০২ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা বিগত ২৬ নভেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. আপনার দপ্তর/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(Signature)
০২.০২.১৮

মোঃ শাহিন মিয়া

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান (পেরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৭. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৮. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
১০. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
১১. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১২. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৩. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশ্র), বিএডিসি, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৫. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩, সিবিএ, কৃষি ভবন, ঢাকা।
১৭.
১৮. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ২৬ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ; বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন এর লক্ষ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কার্যবিবরণীর আলোকে কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
০১.	মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ে সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা এবং সূর্যোস্তের পর জাতীয় পতাকা নামানো।	সাধারণ পরিচর্যা বিভাগ, সকল অফিস/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।
০২.	মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে কৃষি ভবন, সেচ ভবন ও বীজ ভবনে আলোকসজ্জার আয়োজন করা (১৫.১২.২০১৮ ও ১৬.১২.২০১৮ তারিখ উভয় দিন সন্ধ্যা থেকে) এবং কৃষি ভবন এর সম্মুখ অংশ বিভিন্ন রং এর পতাকা দ্বারা সজ্জিত/শোভিত করা। কৃষি ভবনের ছাদে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন এবং নামানো।	নির্মাণ বিভাগ/সংশ্লিষ্ট দপ্তর/ সাধারণ পরিচর্যা বিভাগ।
০৩.	আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার সকাল ৬:৩০ ঘটিকায় কৃষি ভবন হতে রওনা হয়ে বিএডিসি কর্তৃক সম্মিলিতভাবে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা।	সকল উইং ও বিভাগীয় প্রধানগণ।
০৪.	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের সাভারে যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা করা।	সাধারণ পরিচর্যা বিভাগ।
০৫.	সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আল্লার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ রবিবার বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ে সকল মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনার আয়োজন করা এবং আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ সোমবার কৃষি ভবনের নামাজ কক্ষে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ।

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
০৬.	বিএডিসি'র ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ রোজ সোমবার বেলা ২:০০ ঘটিকায় কৃষি ভবনের সম্মেলন কক্ষে “সুখী সমৃদ্ধ বাংলাদেশ গঠনের লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার এবং মুক্তিযুদ্ধ” শীর্ষক আলোচনা সভা এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র/মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করা।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ, জনসংযোগ বিভাগ ও সকল বিভাগ/দপ্তর প্রধান।
০৭.	মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে আগামী ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ বিভিন্ন খেলাধুলা (ক্রিকেট টুর্নামেন্ট, ফুটবল, কাবাডি ও হাডুডু) এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ।
০৮.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের দপ্তরপ্রধানগণকে বিষয়টি অবহিত করবেন।	মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান/সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ।

০৩. মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪. সভাপতি মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আন্তরিকতার সাথে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান।

০৫. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ ফজলে ওয়াল্হিদ খান্দকার)

চেয়ারম্যান, বিএডিসি

ও

সভাপতি

মহান বিজয় দিবস ২০১৮

উদযাপনের প্রস্তুতিমূলক সভা।